

# FACE ফ্যামিলি রিডস্

যেখানে আনন্দ ও শেখা একত্রিত হয়!

## বলার/শোনার কর্মকাণ্ডসমূহ

### গল্প সন্ধ্যা (স্টোরিটেলিং নাইট)

গল্প সন্ধ্যার আয়োজন করুন যেখানে পরিবারের সদস্যরা পালা বদল করে তাদের প্রিয় গল্প বলবে, এমনকি তাদের নিজস্ব গল্প তৈরি করবে।

### গীতিকবিতা (সং লিরিকস্)

গান শুনুন এবং সেটার গীতিকবিতা নিয়ে আলোচনা করুন। আপনি এমনকি গীতিকবিতা প্রিন্ট করতে পারেন এবং গানটি যখন বাজছে তখন একসাথে পড়তে পারেন।

### স্পষ্ট উচ্চারণের (আর্টিকুলেশন)

#### অনুশীলনসমূহ

কথা বলার সময় স্পষ্টতা এবং উচ্চারণ উন্নত করতে পরিবারের সবাই জিহ্বায় জড়িয়ে যায় এমন শব্দাবলী, স্পষ্ট উচ্চারণের অনুশীলন, এবং স্বর-চর্চা অনুশীলন করুন।

### বিতর্ক সন্ধ্যা (ডিবেট নাইটস্)

পরিবারের সদস্যদেরকে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশের এবং সক্রিয়ভাবে পাল্টা মতামত শোনার সুযোগ রেখে আকর্ষণীয় বিষয়সমূহে উপর বন্ধুত্বপূর্ণ বিতর্কের আয়োজন করুন।

### মঞ্চ নাটক ও তাৎক্ষণিক বিষয়ে অভিনয় (থিয়েটার ও ইম্প্রভ)

নাট্যানুষ্ঠানে যোগ দিন অথবা পরিবার-বান্ধব ইম্প্রভ (উপস্থিত অভিনয়) ক্লাসে অংশ নিন, যা উভয় কথা বলা ও শোনার সৃজনশীলতাকে উৎসাহিত করে।

### টেড টক (TED Talk) আলোচনা অনুষ্ঠান

পরিবারের সবাই একসাথে টেড টক দেখুন এবং এরপর উপস্থাপিত ধারণাসমূহের উপর দৃষ্টিভঙ্গি ও প্রতিফলন শেয়ার করার মাধ্যমে আলোচনার আয়োজন করুন।

### ভাষার খেলা (ল্যাঙ্গুয়েজ গেম)

ওয়ার্ড অ্যাসোসিয়েশন্স, ইস্তিবাহী (প্রম্পট) কার্ড ব্যবহার করে গল্প বলা, কিংবা ভাষা শিক্ষাকে উপভোগ্য করতে শব্দ-ভাঙার সমৃদ্ধকারী খেলা (যেমন ট্যাবু (Taboo), টেলিফোন, হেডস্ আপ (Heads Up)) ইত্যাদির মতো ভাষা সংশ্লিষ্টকরণ গেম খেলুন।

### সাক্ষাৎকার অনুশীলন (ইন্টারভিউ প্র্যাকটিস)

জুটি-বদ্ধ হোন এবং নির্দিষ্ট বিষয়সমূহের উপর পালাবদল করে একে অপরের সাক্ষাৎকার গ্রহণ করুন, পরিবারের সদস্যদের প্রশ্ন জিজ্ঞাসা ও সুচিন্তিত জবাবদানে সহায়তা করুন।

### কবিতা আবৃত্তি (পোয়েট্রি রিসাইটাল)

কবিতা আবৃত্তির অধিবেশন আয়োজন করুন যেখানে পরিবারের সকল সদস্য আবৃত্তির জন্য একটি করে কবিতা বাছাই করবে, এটি ভাব-প্রকাশ করে কথা বলা এবং মনোযোগ দিয়ে শোনা বৃদ্ধি করে।

### আলোচনা-চক্র (ডিসকাশন সার্কেল)

চলমান কোনো ঘটনা বা চিন্তা-উদ্বেককারী বিষয় নির্বাচন করুন এবং সকল সদস্যকে মতামত প্রকাশের ও সক্রিয়ভাবে অন্যদের কথা শোনার সুযোগ দিয়ে পরিবারের সবাইকে নিয়ে আলোচনার আয়োজন করুন।

### বক্তৃতা প্রতিযোগিতা (পাবলিক স্পিকিং চ্যালেঞ্জ)

কথা বলার আত্ম-বিশ্বাস বাড়ানোর জন্য প্রিয় কোনো বিষয়ে সংক্ষিপ্ত বক্তৃতা দেওয়া বা উপস্থাপনা অনুশীলন করার মতো উপভোগ্য বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করুন।

T-35990 (Bangla)

**NYC** Public Schools

Eric Adams  
Mayor

David C. Banks  
Chancellor

**FACE**

Office of Family and  
Community Engagement

[schools.nyc.gov](http://schools.nyc.gov)

[f](#) [@](#) [X](#) /nycschools

# FACE ফ্যামিলি রিডস্

যেখানে আনন্দ ও শেখা একত্রিত হয়!

## পড়ার/লিখার কর্মকাণ্ডসমূহ

### ঘুমুতে যাবার সময় গল্প পড়া (বেডটাইম স্টোরি)

প্রতিদিন পরিবারের ছোট্ট সদস্যদের জন্য রাতে ঘুমুতে যাবার সময় জোরে পড়ার একটি সময়সূচি ঠিক করুন, এটা অল্প বয়স থেকে পড়ার একটি ইতিবাচক অভিজ্ঞতা গড়ে তোলে।

### বাহিরে উন্মুক্ত স্থানে পড়া (আউটডোর রিডিং)

সেন্ট্রাল পার্ক-এর মতো কোনো NYC পার্ক-এ পারিবারিক পড়ার পিকনিক করার পাশাপাশি উন্মুক্ত স্থানে পড়া উপভোগ করুন।

### শ্রুতি বই (অডিও বুক) এবং পডকাস্ট

অনুধাবন ও সংলাপ বিনিময়ের দক্ষতা বৃদ্ধির জন্য একসাথে অডিও বুক (শ্রুতি বই) এবং পডকাস্ট শুনুন, তারপর পাঠ্য বিষয়বস্তু, চরিত্রসমূহ, এবং প্রতিপাদ্য (থিম) নিয়ে আলোচনা করুন।

### লাইব্রেরি পরিদর্শন

পরিবারের সকল সদস্যের জন্য নানান বিষয়ের বই খুঁজতে নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির মতো স্থানীয় লাইব্রেরিতে নিয়মিত যাওয়ার পরিকল্পনা করুন।

### পারিবারিক বইয়ের ক্লাব (ফ্যামিলি বুক ক্লাব)

একটি পারিবারিক বইয়ের ক্লাব শুরু করুন, যেখানে সবাই পড়ার, এবং তারপর বইয়ের প্রতিপাদ্যের (থিম) উপর আলোচনা ও বিভিন্ন কর্মকাণ্ড করার জন্য প্রতিমাসে একটি বই বেছে নিতে পারেন।

### স্থানীয় বইয়ের দোকান

আপনার পরিবারের সাথে পড়ার জন্য নতুন বই আবিষ্কার করতে ও লেখকদের নিয়ে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিতে, NYC-এর স্বতন্ত্র বইয়ের দোকানগুলোতে গিয়ে সেগুলোকে সহায়তা করুন।

### বই পড়ার প্রতিযোগিতা (রিডিং চ্যালেঞ্জ)

পরিবারের সবাইকে বেশি বেশি পড়তে উৎসাহিত করতে, সুনির্দিষ্ট মাইলফলক অতিক্রম করলে পুরস্কার লাভের সুযোগ সহ পড়ার প্রতিযোগিতার আয়োজন করুন।

### লিখার কর্মশালা (রাইটিং ওয়ার্কশপ)

রিডিং এবং রাইটিং (পড়া ও লিখা), উভয়ের প্রতি অনুরাগ বৃদ্ধির লক্ষ্যে NYC-তে যেসব লিখার কর্মশালা (রাইটিং ওয়ার্কশপ) বা সৃজনশীল লিখার (ক্রিয়েটিভ রাইটিং) ক্লাস অফার করা হয়, সেগুলোতে অংশগ্রহণ করুন।

### ডিজিটাল তথ্য-সংস্থান (রিসোর্স)

বিভিন্ন বিষয়ের উপর পাঠ্য উপকরণসমূহ পেতে ডিজিটাল লাইব্রেরি এবং ই-বুক সার্ভিসগুলোর মতো বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্ম ও তথ্য-সংস্থান অন্বেষণ করুন।

### ম্যাগাজিন এবং কমিক

এগুলো এক ধরনের ছাপানো উপকরণ হলেও এগুলো প্রথাগত বইয়ের চাইতে পড়ার ভিন্ন একটি অভিজ্ঞতা অফার করে। এগুলোতে প্রায়শই থাকে প্রাণবন্ত চিত্রসমূহ এবং সংক্ষিপ্ত লিখিত উপকরণ।